

”সামাজিক সংযোগ উন্নীতকরণ প্রকল্প” এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কল্লবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইকাং, হুলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে ‘সামাজিক সংযোগ’ উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি বিতরণ

ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে যন্ত্রপাতি বিতরণ



প্রশিক্ষিত যুবকদের মাঝে ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি বিতরণ। ছবি-আনোয়ার হোসেন।

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর-এর সহযোগিতায় ২০২১ সালে রাজাপালং, হোয়াইকাং এবং হুলা ইউনিয়নে মোট ৯৩ জন যুবককে ডাইভিং, বেসিক কম্পিউটার লার্নিং এবং ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করে। কোস্ট এই প্রশিক্ষিতদের কর্মসংস্থান তৈরির সুযোগ সৃষ্টি করতে কাজ করেছে। এরই ধারাবাহিকতায় প্রশিক্ষিত যুবকদের মধ্যে বিভিন্ন প্রশিক্ষণ উপকরণ প্রদানের মাধ্যমে উপার্জনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ নিশ্চিত করতে কাজ করেছে কোস্ট ফাউন্ডেশন।

২০১৭ সালে রোহিঙ্গা আগমনের পরে স্থানীয় জনগোষ্ঠী বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়। বিশেষ করে স্থানীয় জনগোষ্ঠীর জীবন জীবিকার উপর মারাত্মক প্রভাব তৈরি হয়েছে। এই নেতিবাচক প্রভাব কমাতে এবং স্থানীয় যুবকদের কর্মদক্ষ করতে কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর-এর সহযোগিতায় মোট ৪০ জন স্থানীয় যুবককে ২ মাসব্যাপী ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং এর উপর কারিগরি প্রশিক্ষণ প্রদান করে। স্থানীয় যুবকদের প্রশিক্ষিত যুবকদের উপার্জনমূলক কাজে অর্ন্তভুক্ত করতে এই যন্ত্রপাতি বিতরণ করা হয়। বর্তমানে প্রশিক্ষিত যুবকদের মধ্যে ৭ জন ইতিমধ্যে উপার্জনমূলক কাজের সাথে যুক্ত হয়েছে।

কাজের লক্ষ্যমাত্রা ও অর্জন, মার্চ ২০২২

| কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|--------------------------------------|--------------|-------|
| Need Assessment | ৫ | ৪ |
| সামাজিক সংযোগ কমিটি এবং গ্রুপ ফরমেশন | ৫ | ৫ |
| টুল ব্যাগ বিতরণ | ২ | ২ |



“প্রকল্প বাস্তবায়নে জবাবদিহিতা একটি গুরুত্বপূর্ণ বিষয়। সেই অর্থে আমরা বলতে পারি কোস্ট কি করেছে বা কি ধরনের কাজ করেছে তা আমাদের জানা দরকার। আমি কোস্টকে ধন্যবাদ জানাই, কারণ তারা প্রতিমাসে নিউজলেটার এর মাধ্যমে সুবিধাভোগীদের তাদের কর্মকাণ্ড সম্পর্কে অবগত করে” –সাবের আহমেদ, সিনিয়র সহকারী শিক্ষক, কানজরপাড়া উচ্চ বিদ্যালয়, হোয়াইকাং, টেকনাফ।

সচ্ছতা, জবাবদিহিতা এবং দায়বদ্ধতা প্রকল্প বাস্তবায়নে একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই লক্ষ্যে কোস্ট কাজ করে যাচ্ছে। কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর-এর সহযোগিতায় বাস্তবায়নকৃত সামাজিক সংযোগ প্রকল্প এর মাধ্যমে রোহিঙ্গা এবং স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে প্রত্যাভাসনের আগ পর্যন্ত শান্তিপূর্ণ সহাবস্থান বজায় রাখতে কাজ করেছে। কাজের অগ্রগতি এবং পরিকল্পনা সম্পর্কে প্রকল্পের অংশীজনদের নিয়মিত অবগত রাখতে কোস্ট প্রকল্পের নিউজলেটার বিতরণ কওে থাকে। এর প্রেক্ষিতে এক অংশীজন জানান “প্রকল্প বাস্তবায়নে জবাবদিহিতা একটি গুরুত্বপূর্ণ বিষয়। সেই অর্থে আমরা বলতে পারি কোস্ট কি করেছে বা কি ধরনের কাজ করেছে তা আমাদের জানা দরকার। আমি কোস্টকে ধন্যবাদ জানাই, কারণ তারা প্রতিমাসে নিউজলেটার এর মাধ্যমে সুবিধাভোগীদের তাদের কর্মকাণ্ড সম্পর্কে অবগত করে”।

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য



কোস্ট ফাউন্ডেশন কল্লবাজার কেন্দ্র, ফোন: ০৩৪১-৬০১৪৬, মোবাইল: ০১৭১০-০২৪৮২৭

ইমেইল: Jahangir.coast@gmail.com, ওয়েবসাইড: www.coastbd.net